

তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ০২ ফেব্রুয়ারি (রোববার) প্রথমবারের মতো আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। এদিন সন্ধ্যা ৭.০০টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নিকটস্থ উন্মুক্ত প্রাঙ্গণে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ স্থানীয় নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। তারা শিক্ষার্থীদের চমৎকার এ আয়োজনে সন্তোষ প্রকাশ করেন এবং তাদের খেলা উপভোগ করেন।

একইদিন রাত ১০.০০টায় অনুষ্ঠিত আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনালে গণিত বিভাগকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে পরিসংখ্যান বিভাগ। ফাইনাল শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বলেন, সুস্থ থাকতে খেলাধুলার কোনো বিকল্প নেই। খেলাধুলা আমাদের জীবনের গুরুত্বপূর্ণ অংশ। এটা যেমন আমাদের শরীরকে সুস্থ রাখে, তেমনি মনকেও প্রফুল্ল রাখে। এ ধরনের আয়োজনের মাধ্যমে একে অপরের প্রতি সহমর্মিতা সৃষ্টি হয়। মাননীয় উপাচার্য একটি চমৎকার ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ টুর্নামেন্ট উপহার দেওয়ার জন্য অংশগ্রহণকারী সকল দল, ছাত্র ও সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

ভবিষ্যতে এ ধরনের আয়োজনসহ যেকোনো প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলেও মাননীয় উপাচার্য আশ্বাস প্রদান করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়